# U.G. 5th Semester Examination - 2021

## BENGALI

### Course Code: BBNGCCHT502

### Course Title: প্রবন্ধ ও সাহিত্য সংস্কৃতি বিষয়ক প্রবন্ধ রচনা

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'লোকশিক্ষা' প্রবন্ধটির কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

খ) শঙ্করাচার্য কে ছিলেন?

গ) আমাদের দেশে একসময়ে প্রচলিত একটি লোকশিক্ষা মাধ্যমের নাম বলো।

ঘ) শ্রীচৈতন্য কে ছিলেন?

ঙ) 'আমাদের তাহার কোনো অনুভবই নাই' — কোন্ প্রবন্ধের উদ্ধৃতি?

চ) প্রমথ চৌধুরীর লেখা 'আমাদের ভাষা সঙ্কট' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

ছ) নবাবি আমলের কবি বলতে প্রমথ চৌধুরী কাকে বুঝিয়েছেন?



জ) 'আমাদের ভাষা সঙ্কট' প্রবন্ধানুসারে ভারতচন্দ্র কোন্ আমলের কবি হিসেবে বিবেচিত?

ঝ) আরবি শব্দ বাংলা হয়ে গেছে এমন একটি শব্দের উদাহরণ দাও।

ঞ) পশ্চিম ইউরোপীয় ভাষার ভাগ দুটির উল্লেখ করো।

ট) 'বাংলার ব্রত' প্রাবন্ধিকের লেখা একটি অন্যতম বিশিষ্ট প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

ঠ) ব্রতের উৎপত্তি কীভাবে হয়েছিল?

ড) ভাদুলি ব্রত করা হয় কেন?

ঢ) আমেরিকার একটি বিশেষ জাতি বৃষ্টি কামনায় ব্রত রাখে, সেই জাতির নাম লেখো।

ণ) অবনীন্দ্রনাথ ঠাকুরের মতে ব্রতের উদ্দেশ্য কী?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'লোকশিক্ষা' প্রবন্ধটি কোন্ প্রবন্ধগ্রন্থে কত সালে অন্তর্ভুক্ত হয়েছিল?

খ) 'চিরকাল যে এ দেশে লোকশিক্ষার উপায়ের অভাব ছিল, তা নহে' — বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের এই বক্তব্যের সমর্থনে প্রাবন্ধিক-উল্লিখিত দু'জন লোকশিক্ষকের নাম উল্লেখ করো।

গ) প্রাচীন বাংলার গ্রাম-নগরে সাধারণের নীতিশিক্ষা ঘটত, কথকঠাকুর পরিবেশিত এমন দুটি পালার নাম করো।

ঘ) 'আমাদের ভাষা সঙ্কট' প্রবন্ধানুসরণে দু'জন ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিতের নাম লেখো।

ঙ) দুটি ওলন্দাজি শব্দের উদাহরণ দাও।

চ) ‘আমাদের ভাষা সঙ্কট’ প্রবন্ধে প্রাবন্ধিক ‘বিলেতি’ শব্দের কী অর্থ ধরেছিলেন? প্রাবন্ধিকের মতে ‘মিস্ত্রি’ শব্দটি কোন্ শব্দের উদাহরণ?

ছ) ‘বসুধারা’ ব্রতটি কীভাবে পালন করা হয়?

জ) ‘লৌকিক চুরি’ ও ‘সাহিত্যিক চুরি’ বলতে প্রমথ চৌধুরী কী বুঝিয়েছেন?

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ‘বাঙালি যে দেহে সংকর, মনে সংকর, ভাষায় সংকর -এর জন্য দোষী আমরা নই’—প্রাবন্ধিক কেন একথা বলেছেন তা সংক্ষেপে আলোচনা করো।

খ) শাস্ত্রীয় ব্রত ও লৌকিক ব্রতের পার্থক্য নিরূপণ করো।

গ) ‘লোকশিক্ষা’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ইউরোপে প্রচলিত লোকশিক্ষার অনেকগুলি উপায়ের কথা বলেছেন — সেই উপায়গুলি সম্পর্কে যা জানো লেখো।

৪। যে-কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখো : ১০×১=১০

ক) মঙ্গলকাব্যে নারী

খ) চৈতন্য জীবনচরিত কাব্য

গ) কবি শঙ্খ ঘোষ

———